

## 🗏 আল-আনফাল | Al-Anfal | ٱلْأَنْفَال

আয়াতঃ ৮:৩৫

## **া** আরবি মূল আয়াত:

وَ مَا كَانَ صَلَاتُهُم عِندَ البَيتِ إِلَّا مُكَآءً قَ تَصدِيَةً ١ فَذُوقُوا العَذَابَ بِمَا كُنتُم تَكفُرُونَ ﴿٣٥﴾

## 

আর কা'বার নিকট তাদের সালাত শিষ ও হাত-তালি ছাড়া কিছু ছিল না। সুতরাং তোমরা আস্বাদন কর আযাব। কারণ তোমরা কুফরী করতে। — আল-বায়ান

আল্লাহর ঘরের নিকট তাদের নামায হাত তালি মারা আর শিশ দেয়া ছাড়া আর কিছুই না, (এসব অপরাধে লিপ্ত ব্যক্তিদেরকে বলা হবে) "আযাব ভোগ কর যেহেতু তোমরা কুফরীতে লিপ্ত ছিলে"। — তাইসিরুল

কা'বা ঘরের কাছে তাদের সালাত হল শিস দেয়া ও করতালি প্রদান ছাড়া অন্য কিছুই নয়, সুতরাং তোমরা কুফরী করার কারণে এখন শাস্তির স্বাদ গ্রহণ কর। — মুজিবুর রহমান

And their prayer at the House was not except whistling and handclapping. So taste the punishment for what you disbelieved. — Sahih International

৩৫. আর কাবাঘরের কাছে শুধু শিস ও হাততালি দেয়াই তাদের সালাত, কাজেই তোমরা শাস্তি ভোগ কর, কারণ তোমরা কুফরী করতে।(১)

(১) আযাব বলতে এখানে দুনিয়ার আযাবও হতে পারে যা বদরের যুদ্ধে মুসলিমদের মাধ্যমে তাদের উপর নাযিল হয়। [তাবারী: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৩৫) আর কা'বা গৃহের নিকট শুধু শিস ও করতালি দেওয়াই ছিল তাদের নামায।[1] সুতরাং অবিশ্বাসের জন্য তোমরা শাস্তি ভোগ কর।
  - [1] মুশরিকরা যেমন উলঙ্গ হয়ে কা'বার তাওয়াফ করত অনুরূপ তাওয়াফের সময় মুখে আঙ্গুল দিয়ে শিস দিত ও দুই হাত দিয়ে তালি বাজাতো। আর এটিকে তারা ইবাদত ও পুণ্যের কাজ মনে করত। যেমন আজকাল কিছু সুফীরা মসজিদে ও আস্তানায় নাচে, ঢোল-তবলা বাজায় এবং বলে, 'এটিই আমাদের ইবাদত ও নামায। আমরা নেচে নেচে আল্লাহকে সম্ভুষ্ট করে নেব।' (আমরা আল্লাহর কাছে এই সমস্ত কুসংস্কার হতে আশ্রয় প্রার্থনা করছি।)





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1195

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন